# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩০৬

১/ বিবিধ

আরবী

لعن الله الناظر إلى عورة المؤمن والمنظور إليه

موضوع

رواه ابن عدي في " الكامل " (15 / 2) عن إسحاق بن نجيح عن عباد بن راشد المنقري عن (الحسن) عن عمران بن حصين مرفوعا، وقال: وإسحاق بن نجيح بين الأمر في الضعفاء، وهو ممن يضع الحديث، قال ابن معين: هو من المعروفين بالكذب ووضع الحديث، قال ابن عدي: وهذا الحديث عن عباد بن راشد عن الحسن موضوع

وأورده السيوطي في " ذيل الأحاديث الموضوعة " (ص 149) من أباطيل إسحاق هذا تبعا للذهبي في الميزان

ويغني عن هذا الحديث مثل قوله صلى الله عليه وسلم: " احفظ عورتك إلا عن زوجتك وما ملكت يمينك ... " الحديث وسنده حسن، وقد خرجته " في آداب الزفاف في السنة المطهرة " (ص 34 - 35) من الطبعة الثانية

বাংলা

৩০৬। মু’মিনের গুপ্তাঙ্গের দিকে দৃষ্টি দানকারী এবং যার দিকে দৃষ্টি দেয়া হয়েছে তার উপরেও আল্লাহর অভিশাপ।

হাদীসটি জাল।

এটি ইবনু আদী “আল-কামিল” গ্রন্থে (২/১৫) ইসহাক ইবনু নাজীহ হতে এবং তিনি আব্বাদ ইবনু রাশেদ

মুনকেরী হতে ... বর্ণনা করেছেন। অতঃপর ইবনু আদী বলেছেনঃ এটি স্পষ্ট যে, ইসহাক ইবনু নাজীহ দুর্বলদের অন্তর্ভুক্ত। তিনি আরো বলেছেনঃ যারা হাদীস জাল করতেন তিনি তাদেরও অন্তর্ভুক্ত। ইবনু মাঈন বলেনঃ তিনি মিথ্যুক এবং হাদীস জালকারী হিসাবে পরিচিতি লাভকারীদের একজন। ইবনু আদী বলেনঃ এ হাদীসটি আব্বাদ ইবনু রাশেদের মাধ্যমে হাসান হতে একটি বানোয়াট হাদীস।

সুয়ূতী এটিকে যাহাবীর “আল-মীযান” গ্রন্থের অনুকরণ করে “যায়লুল আহাদীসিল মাওযুআহ" (পৃঃ ১৪৯) গ্রন্থে এ ইসহাকের বাতিল হাদীস হিসাবে উল্লেখ করেছেন। এ হাদীসটির অগ্রহণযোগ্যতার জন্য নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর এ বাণীই যথেষ্টঃ তুমি তোমার গুপ্তাঙ্গকে হেফাযাত কর। তবে তোমার স্ত্রী হতে নয়...। এটির সনদটি হাসান। আমি “আদাবুয যুফাফ ফিস সুন্নাহ আল-মুতাহহারা” গ্রন্থে এটির (পৃঃ ৩৪-৩৫) তাখরীজ করেছি।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5565

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন